# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পাবনা-৬৬০০

স্মারক নং-পাবিপ্রবি/ভ:প:/২০২৪-২৫/১৩ তারিখ: ০৯ আগস্ট ২০২৫ খ্রি.

**GST গুচ্ছভুক্ত পদ্ধতিতে স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান), বিবিএ, বিএসএস, ব্যাচেলর অব আর্কিটেকচার ও বি.ফার্ম. প্রফেশনাল প্রোগ্রামে ১ম বর্ষে (শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫) শিক্ষার্থী ভর্তির**

## বিজ্ঞপ্তি (বিশেষ চূড়ান্ত ভর্তি)

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা পদ্ধতিতে A, B, C ইউনিট এবং কোটায় যে সকল শিক্ষার্থী চূড়ান্ত ভর্তির জন্য মনোনীত হয়েছেন, সে সকল শিক্ষার্থীদেরকে (যারা এ বিশ্ববিদ্যালয়ে চূড়ান্তভাবে ভর্তি হতে ইচ্ছুক) **আগামী ১০ আগস্ট ২০২৫ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ০৩:০০ ঘটিকার মধ্যে স্ব-শরীরে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেল (প্রশাসনিক ভবনের ৫ম তলায়)-এ উপস্থিত হয়ে নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় 'সনদপত্র' ও ভর্তি 'ফি' সমূহ জমা দিয়ে চূড়ান্ত ভর্তি হওয়ার জন্য বলা হলো, অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

**ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নে উল্লিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।**

০১। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থী **https://admission.pust.ac.bd** ওয়েবসাইটের মাধ্যমে GST-এর ID ও Password দিয়ে login করে সংশ্লিষ্ট বিভাগের ভর্তি ফর্মটি যথাযথভাবে পূরণ করলে সকল তথ্য সম্বলিত PDF ফর্ম পাওয়া যাবে। প্রাপ্ত PDF ফর্মটি A4 সাইজের অফসেট কাগজে দুই কপি প্রিন্ট নিতে হবে। অনলাইনে ভর্তি ফর্ম পূরণের জন্য নিম্নে উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষণীয়:-

i. GST কর্তৃক প্রদত্ত ID ও Password.
ii. রক্তের গ্রুপ (Blood Group) অবশ্যই জানা থাকতে হবে।
iii. NID অথবা Birth Certificate Number.

**০২। অনলাইনে ভর্তি ফি প্রদানের লিংক: <u>https://payment.pust.ac.bd/</u>**

**০৩। ভর্তির সময় নিম্নে বর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:**

i. পূরণকৃত ভর্তি ফর্মের দুই কপি প্রিন্ট (A4 সাইজের অফসেট কাগজে)।
ii. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর মূল সার্টিফিকেট ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মূল প্রশংসাপত্র।
iii. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর সার্টিফিকেট, নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্রের ফটোকপি ০১(এক) সেট।
iv. ভর্তি পরীক্ষায় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত মূল প্রবেশপত্র।
v. সদ্য তোলা পাসপোর্ট সাইজের (ল্যাব প্রিন্ট) ০৪ (চার) কপি রঙিন ছবি।
vi. অনলাইন/ব্যাংক-এ জমাকৃত ভর্তি ফি প্রদানের রশিদ।

**০৪। <u>বিভাগ ভিত্তিক প্রয়োজনীয় 'ফি' এর পরিমাণ নিম্নে দেয়া হলো:</u>**

| ক্র: নং | অনুষদের নাম | বিশ্ববিদ্যালয় ফি | সিলেবাস, শিক্ষা ও গবেষণা সহায়ক ফি | অনুষদ ফি | হল উন্নয়ন ফি | বিবিধ ফি | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| i. | ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ (CSE, EEE, EECE, ICE, Civil Eng, Architecture, URP) | ৯,৫০০ | ৬,০০০ | ৫০০ | ৮০০ | ২০০ | ১৭,০০০ |
| ii. | বিজ্ঞান অনুষদ (Mathematics, Physics, Pharmacy, Chemistry, Statistics) | ৯,৫০০ | ৬,০০০ | ৫০০ | ৮০০ | ২০০ | ১৭,০০০ |
| iii. | জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ (Geography and Environment) | ৯,৫০০ | ৬,০০০ | ৫০০ | ৮০০ | ২০০ | ১৭,০০০ |
| iv. | ব্যবসায় শিক্ষা (Business Administration, THM) | ৯,৫০০ | ৫,৫০০ | ৫০০ | ৮০০ | ২০০ | ১৬,৫০০ |
| v. | মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ (Economics, Bangla, Social Work, English, Public Ad., History) | ৯,৫০০ | ৫,৫০০ | ৫০০ | ৮০০ | ২০০ | ১৬,৫০০ |

***GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে অনলাইনের মাধ্যমে প্রাথমিক ভর্তি হয়ে থাকলে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির ক্ষেত্রে ভর্তি ফি বাবদ ৫,০০০/- টাকা কম জমা দিতে হবে (অর্থাৎ ১৭,০০০-৫,০০০= ১২,০০০/- বা ১৬,৫০০-৫,০০০= ১১,৫০০/- টাকা)।**

**<u>ভর্তি ফি সমূহ:</u>** অনুষদ ভিত্তিক 'ফি' অনলাইনে প্রদানের ক্ষেত্রে উপরোক্ত (২ নং) লিংক এর মাধ্যমে অথবা জনতা ব্যাংক পিএলসি, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় **পাবিপ্রবি জিএসটি ভর্তি ফান্ড** হিসাব এ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। ভর্তি ফি প্রদানের রশিদ নির্ধারিত সময়ের মধ্যে অফিসে জমা দিতে হবে। অন্যথায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে না এবং প্রার্থিতা বাতিল হবে।

**<u>বিশেষ শর্তাবলী:</u>** শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাবলীতে কোন অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি/প্রার্থীতা বাতিল করা হবে। ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবে।

**<u>ভর্তি ফি প্রদানের QR কোড</u>**

**(বিজন কুমার ব্রহ্ম)**
রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।